দৈনিক ইত্তেফাক

JUN. 18 2002

১৮. ৬

# বরিশাল বিএম কলেজের ছাত্রীনিবাসে ছাত্রদলের কোন্দলে ৩ জন আহত

**বরিশাল অফিস ॥** বি এম কলেজের বনমালী গাঙ্গুলী ছাত্রীনিবাসে ছাত্রদলের নেতৃত্বের কোন্দল নিয়ে অপ্রীতিকর ঘটনায় গত দু'দিনে ৩ জন আহত হয়েছে। একজনের অবস্থা গুরুতর। হোস্টেলের সার্বিক অবস্থার উন্নয়নের জন্য ছাত্রদলের ৭ নেত্রীকে নিয়ে একটি মনিটরিং কমিটি গঠিত হয়। কিন্তু অন্যরা এতে খুশী হতে পারেনি। রবিবার কমিটির সাথে ছাত্রদলের নেত্রী লুবনা ও ডলির কথা কাটাকাটি হয়। ছাত্রদল কর্মী নাজনীন ডলি ও লুবনাকে নিবৃত্ত করার চেষ্টা করলে তাকে বেদম মারধর করা হয়। ঐ ঘটনার বিচার চেয়ে সোমবার হোস্টেলের সাধারণ ছাত্রীরা স্মারকলিপি প্রদানের জন্য স্বাক্ষর সংগ্রহ শুরু করলে ডলি ও লুবনা গ্রুপের হাতে বিকেলে নাজু ও ইয়াসমিন প্রহৃত হয়।